ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৭৬

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**প্রত্যেকটি জনজাতি ছাত্রছাত্রী যাতে সঠিক সময়ে তাদের স্কলারশিপ পেয়ে থাকে সেই লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে ঃ জনজাতি কল্যাণ মন্ত্রী**

প্রত্যেকটি জনজাতি ছাত্রছাত্রী যাতে সঠিক সময়ে তাদের স্কলারশিপ পেয়ে থাকে সেই লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। রাজ্যের জনজাতিভুক্ত ছাত্রছাত্রীদের স্কলারশিপ নিয়ে চিন্তার কোন কারণ নেই। আধার লিঙ্কের জন্য সাময়িক সমস্যা দেখা দিয়েছিল। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, দেশের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জনজাতি ছাত্রছাত্রীদের সবচেয়ে বেশি সহায়তায় উদ্যোগী হয়েছেন। বর্তমান প্রধানমন্ত্রীর সময়কালে রাজ্যের জনজাতিরা সন্মান সহ প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ সহায়তা পেয়েছে। তিনি বলেন, রাজ্য সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের নজরে এসেছে যে স্থানীয় কিছু দৈনিক পত্রিকায় জনজাতি ছাত্রছাত্রীদের পোষ্ট মেট্রিক স্কলারশিপ প্রদান সম্পর্কে কিছু বিভ্রান্তিকর এবং তথ্যগত ভুল সংবাদ প্রকাশিত হয়েছে। এই ধরণের ভিত্তিহীন সংবাদ প্রকাশের ফলে জনজাতি শিক্ষার্থীদের মধ্যে অপ্রয়োজনীয় বিভ্রান্তি তৈরী হতে পারে।

জনজাতি কল্যাণ মন্ত্রী শ্রী দেববর্মা বলেন, প্রকৃত তথ্য হল ২০২৫ সালের এপ্রিল মাসে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের মোট ২৮,১৬৩ জন জনজাতি ছাত্রছাত্রীকে পোষ্ট মেট্রিক স্কলারশিপ প্রদান করা হয়েছে। যা মোট লক্ষ্যের প্রায় ৮৫ শতাংশ। এবিষয়ে ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের মধ্যে প্রথম রাজ্য যারা আর্থিক বছর শেষ হওয়ার এক মাসের মধ্যে পোষ্ট মেট্রিক স্কলারশিপ বিতরণ করেছে। জাতীয় স্তরে এবিষয়ে ত্রিপুরা গোয়ার পরেই দ্বিতীয় স্থানে রয়েছে। তিনি জানান, ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের কাছ থেকে বকেয়া অর্থ প্রাপ্তির পর অবশিষ্ট ৫১৫২ জন জনজাতি ছাত্রছাত্রীকে স্কলারশিপ প্রদান করা হবে।

সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে শশীকুমার জানান, SNA-SPARSH অর্থ প্রদান ব্যবস্থার সাথে সম্পর্কিত কিছু প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে, এখনও ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রক অবশিষ্ট প্রায় ২৫.৬৩ কোটি টাকা প্রদান করতে পারেনি। অর্থমন্ত্রকের নির্দেশনা অনুযায়ী, এখন সমস্ত ধরণের অর্থ প্রদান নতুন SNA-SPARSH মোডের মাধ্যমে করা বাধ্যতামূলক। ফলস্বরূপ, অধিকাংশ রাজ্যই সুবিধাভোগীদের অর্থ বিতরণে, সমস্যার সম্মুখীন হচ্ছে, যার মধ্যে স্কলারশিপ বিতরনও অন্তর্ভূক্ত। এটি একটি সর্বভারতীয়স্তরের সমস্যা। SNA-SPARSH ব্যবস্থার মাধ্যমে অর্থ প্রদান করতে নতুন ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা, সিস্টেম যুক্ত হওয়া এবং পরবর্তীকালে ন্যাশনাল স্কলারশিপ পোর্টাল এর সাথে সংযুক্তি করার জন্য অতিরিক্ত সময় প্রয়োজন। SNA-SPARSH সম্পর্কিত সমস্যাটি সমাধান করার জন্য, ত্রিপুরা সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা ও রাজ্য নোডাল অফিসার এর নেতৃত্বে একটি দল জনজাতি বিষয়ক মন্ত্রক এবং NIC, নিউ দিল্লি তে সমস্যা নিরসণের জন্য আলোচনা করেন। এই সমস্যাটি উত্থাপন করে পূর্বের SNA-PFMS মোডের মাধ্যমে অর্থ প্রদানের জন্য এককালীন ছাড় দেওয়ার অনুরোধ জানানো হয়। এপ্রিল, ২০২৫-এ প্রায় ৮৫ শতাংশ জনজাতি ছাত্রছাত্রী (২৮১৬৩ জন) পূর্বের SNA-PFMS মোডের মাধ্যমে স্কলারশিপ পেয়ে গেছেন।

******২য় পাতায়*

জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে. শশী কুমার জানান, ১ হাজার ৯৮৩ জন জনজাতি ছাত্রছাত্রীদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট আপডেট এর সমস্যার জন্য স্কলারশিপ পেতে সমস্যা হচ্ছিল। জনজাতি কল্যাণ দপ্তর বিশেষ উদ্যোগী হওয়াতে বর্তমানে এই সমস্যা অনেকটা সমাধান হয়েছে। জনজাতি কল্যাণ দপ্তর আগামী ৩০ নভেম্বরের মধ্যে সমস্ত ছাত্রছাত্রীদের অ্যাকাউন্টে স্কলারশিপ প্রদানে বিশেষ উদ্যোগ নিয়ে কাজ করছে। এছাড়া সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, জনজাতি কল্যাণ দপ্তরের যুগ্ম সচিব শাশ্বত সেন এবং সেকশন আধিকারিক অভিজিৎ জমাতিয়া।

******